

প্রাথমিকের শিক্ষক নিয়োগ পরীক্ষা মার্চে

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগের পরীক্ষা মার্চ মাসে হবে বলে জানিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর। সারা দেশে এই পরীক্ষায় অংশ নিতে ১৩ হাজার পদের বিপরীতে আবেদন জমা পড়েছে ২৪ লাখের বেশি।

প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক সোহেল আহমেদ প্রথম আলোকে বলেন, প্রথমে আমরা ফেব্রুয়ারিতে পরীক্ষা নেওয়ার কথা জানিয়ে মন্ত্রণালয়ে চিঠি দিয়েছিলাম। পরে সভায় সিদ্ধান্ত হয় ফেব্রুয়ারিতে পরীক্ষা হবে না। সোহেল আহমেদ বলেন, এ পরীক্ষা আগামী মার্চের মাঝামাঝি হতে পারে। তবে কোন তারিখ হবে তা নিশ্চিত করে বলা যাচ্ছে না। সব দিক বিবেচনা করে এ সিদ্ধান্ত নেওয়া হবে। তিনি বলেন, প্রাথমিক বিদ্যালয়ে ১৩ হাজার ১০০টি পদে সহকারী শিক্ষক নিয়োগে জন্য আবেদন চাওয়া হয়েছিল। এতে আবেদন জমা পড়েছে ২৪ লাখের বেশি। এত বিপুল পরিমাণ আবেদন জমা পড়ার কারণে নিয়োগ পরীক্ষা নিতে আমাদের অনেক ভাবতে হচ্ছে।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সূত্র জানায়, প্রাথমিকের শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ হওয়ার পর গত বছরের ১ আগস্ট থেকে ৩০ আগস্ট পর্যন্ত অনলাইনে ২৪ লাখের বেশি আবেদন জমা পড়েছে। নিয়োগ পরীক্ষার প্রশ্ন করা হবে ডিজিটাল পদ্ধতিতে। এ পরীক্ষায় লিখিত ও মৌখিক পরীক্ষা নেওয়া হবে।